গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা।
www.flid.gov.bd

ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা,সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ শেফাউল করিম<br>উপ- পরিচালক ( যুগ্ম সচিব) |
| সভার তারিখ | : ২৯/০৮/২০২১ ইং |
| সভার সময় | : সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : তথ্য দপ্তরের সেমিনার কক্ষ |
| উপস্থিতি | : ইনোভেশন টিমের সকল সদস্য |

সভাপতি সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। তিনি বলেন মৎস্য প্রাণিসম্পদ তথ্য দপ্তরের প্রচার কাজকে সহজীকরণ করতে ইতঃমধ্যে আমরা **'মৎস্য ও প্রাণীসম্পদ সংবাদ'** নামে একটি নিউজ পোর্টাল চালু করেছি যা ইতোমধ্যে ২ লক্ষ ৩৩ হাজার মানুষের কাছে পৌছে গিয়েছে। নিউজ পোর্টালের মাধ্যেমে মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের সকল সভা সেমিনারের খবর ও স্থির চিত্র এবং ভিডিও ধারণ করে রিপোর্ট আকারে পোর্টালে প্রচার করা হচ্ছে। পাশাপাশি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সকল অধিদপ্তর, দপ্তর ও সংস্থার যাবতীয় উদ্ভাবনীমূলক ইতিবাচক খবর, স্থির চিত্র ধারণ ও ভিডিও ধারণ করে প্রচার করা হচ্ছে। এছাড়াও মৎস্য ও প্রাণী বিষয়ক যাবতীয় জনসচেতনতামূলক নিউজস্ক্রল ও তথ্য দপ্তর কর্তৃক তৈরিকৃত টিভিসি, ফিলার ও জিঙ্গেল প্রচার করা হচ্ছে তথ্য দপ্তরের নিউজ পোর্টালের মাধ্যমে। পর্যালোচনা সভায় প্রচার প্রসারের কাজকে আরো ত্বরান্বিত করতে তথ্য দপ্তরের আঞ্চলিক অফিস গুলোর প্রতি বিভিন্ন নির্দেশনা প্রদান করা হয়েছে। নির্দেশনা গুলো নিম্নে উল্লেখ করা হল:

১.মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের প্রত্যেক আঞ্চলিক অফিসের নিজস্ব ওয়েবসাইট তৈরিকরণ।
২. জেলা উপজেলা পর্যায়ে মৎস্য ও প্রাণি খাতের হালনাগাদ তথ্য এবং মৎস্য চাষী ও খামারীদের সফলতার তথ্য পেতে আঞ্চলিক অফিসসমূহ তাদের স্ব স্ব জেলা, উপজেলার মৎস্য ও প্রাণিসম্পদ কর্মকর্তা ও খামারীদের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করতে হবে।
৩. মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের প্রচার প্রসারের কাজকে এগিয়ে নিতে প্রত্যেক আঞ্চলিক অফিস সমূহ জেলা, উপজেলার স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে ফোন/মোবাইল নাম্বার সংগ্রহ করে যোগাযোগ রক্ষা করবে।
৪. মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের কাজকে জনগণের দ্বারগোড়ায় পৌছে দিতে স্থানীয় জনপ্রতিনিধিদের সহায়তায় চাষী ও খামারীদের নিয়ে প্রত্যেক ইউনিয়ন/ওয়ার্ড ভিত্তিক মাসে অন্তত একবার উঠান বৈঠকের আয়োজন করতে হবে।
৫. প্রচার প্রসারের কাজকে সহজীকরণের লক্ষ্যে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় সংবাদ প্রকাশের জন্য জেলা উপজেলা পর্যায়ের প্রেসক্লাবের সদস্যদের সাথে যোগাযোগ রক্ষা করা।
৬. মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের নিজস্ব ফেইসবুক পেইজে ও নিউজ পোর্টালে মৎস্য ও প্রাণিসম্পদ সম্পর্কিত সকল আপডেটেট তথ্য আপলোড করার জন্য আঞ্চলিক অফিসসমূহের প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া থেকে নিউজ লিংক সংগ্রহ করবেন।
৭ .মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের নিজস্ব নিউজ পোর্টাল ও নিজস্ব ফেইসবুক পেইজ ও ইউটিউবকে সচল রাখার জন্য এবং দপ্তরের নৈমিত্তিক কাজের অংশ হিসেবে প্রতিমাসে কমপক্ষে মৎস্য ও প্রাণিসম্পদের একটি খামার পরিদর্শন করে প্রচারযোগ্য যাবতীয় তথ্য যেমন সফলতার গল্প, খামার বা ফিশারীর ভিডিও এবং স্থিরচিত্র ধারণ করে রিপোর্ট আকারে প্রধান কার্যালয়ের অফিসিয়াল ই-মেইল এ প্রেরণ করতে হবে।
৮. প্রতিমাসে কত জন খামারী বা চাষী মৎস্য ও প্রাণিসম্পর্কিত তথ্য জানার জন্য অফিস পরিদর্শন করেছেন এবং তাদের মধ্যে কী কী ধরণের প্রকাশনা সমাগ্রী বিতরণ অথবা পরামর্শ প্রদান করা হয়েছে সেগুলো বিস্তারিত আকারে অর্থ্যাৎ তাদের নাম, ঠিকানা, মোবাইল নাম্বার ও চাহিদা মাফিক তথ্যের বিবরণসহ পরবর্তী মাসের প্রথম ৫ কার্যদিবসের মধ্যে রিপোর্ট প্রণয়ন করে প্রধান কার্যালয়ের অফিসিয়াল ই- মেইল প্রেরণ নিশ্চিত করতে হবে।
৯. আঞ্চলিক অফিসের কর্মকর্তা কর্মচারীগণ প্রতিমাসে নিজ উদ্যোগে কত জন খামারী বা চাষীর নিকট কী ধরনের সেবা প্রদান করেছেন সে সেবার ধরণ এবং সেবা গ্রহিতার নাম, ঠিকানা, মোবাইল নাম্বারের তালিকা পরবর্তী মাসের প্রথম ৫ কার্যদিবসের মধ্যে প্রধান কার্যালয়ের অফিসিয়াল ই- মেইলএ প্রেরণ করবেন।
১০. মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের নিজস্ব নিউজ পোর্টাল ও অফিসিয়াল ফেইসবুক পেইজ , ইউটিউব সম্পর্কে সকল সেবা গ্রহিতাকে অবগত করতে হবে।

সর্বোপরি মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ যথাযথভাবে ব্যবহার উপযোগী করে তা বহুল প্রচার ও প্রসার করার আহবান জানিয়ে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

২৯/৮/২০২১

মো. শেফাউল করিম
উপ-পরিচালক (যুগ্ম সচিব)
মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর

২৯/০৮/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা,সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার উপস্থিতি ।

তারিখঃ ২৯/৮/২০২১ ইং সময় : সকাল ১০.০০ ঘটিকা স্থান : সভাপতির কক্ষ ( ১০ম তলা ),মৎস্য ভবন, রমনা, ঢাকা।

| ক্রমিং নং | সম্মানীত উপস্থিতির নাম | পদবী | কর্মস্থল | মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ১ | ডা. মো. এনামুল [illegible] | তথ্য কর্মকর্তা (প্রাণিসম্পদ) | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর ঢাকা। | 01712-561383 fituanamul@gmail.com | 29/08/2021 |
| ২ | সাজ্জাদ হোসেন | তথ্য কর্মকর্তা (মৎস্য) | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, ঢাকা। | 01715-194798 sazzad_2k4@yahoo.com | 29/08/22 |
| ৩ | মেহেদী হাসান | প্রকাশনা কর্মকর্তা | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | 01933574043 dumehedi04@gmail.com | 29/08/22 |
| ৪ | মো. আলামুল আলম | গণযোগাযোগ কর্মকর্তা | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | 01746749020 alamul.62@gmail.com | 29/08/21 |
| ৫ | আরিফুল ইসলাম | সহকারী প্রশিক্ষণ কর্মকর্তা | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | 01741389409 sumon.ru77@gmail.com | 29.08.21 |